

তুরস্কে ভিন্ন রূপে রুনা খান, ঘুরে দেখলেন অটোমানের প্রাসাদ - পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭১ ঃ মেহেরপুর- রোববার ২৯ জুন ২০২৫ ইং ঃ ১৫ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



## ভারতের চ্যাম্পিয়নকে হারিয়ে মুয়ে থাইয়ে আন্তর্জাতিক বিজয় ছিনিয়ে আনলেন মেহেরপুরের মনজুর আলম

মেহেরপুর প্রতিনিধি

আন্তর্জাতিক ক্রীড়ামঞ্চে আরেকবার বাংলাদেশের লাল-সবুজের পতাকা উড়ালেন মেহেরপুরের গাঁড়াবাড়িয়ার মনজুর আলম। ভারতের পুনেতে অনুষ্ঠিত আন্তর্জাতিক মুয়ে থাই প্রতিযোগিতায় ভারতের সেরা ফাইটার আজহারকে হারিয়ে গৌরব অর্জন করেছেন এই বীর বক্সার।
মেহেরপুর সদর উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের মধ্যবিত্ত পরিবারে জন্ম নেওয়া মনজুর আলম ছোটবেলা থেকেই মার্শাল আর্টের প্রতি আগ্রহী ছিলেন। তাঁর স্বপ্ন বিশ্বসেরা হয়ে বাংলাদেশের নাম উজ্জ্বল করা। প্রতিদিন ঘন্টার পর ঘন্টা কঠোর অনুশীলন ও ফিটনেস চর্চায় কাটান তিনি। সম্প্রতি পুনেতে অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক মুয়ে থাই প্রতিযোগিতা। প্রতিযোগিতায় মনজুর আলম ভারতের পরিচিত ফাইটার আজহারের বিরুদ্ধে লড়াই করেন। উত্তেজনাপূর্ণ এই ম্যাচে মনজুর দক্ষ কৌশল, গতি ও আত্মবিশ্বাসের মাধ্যমে প্রতিপক্ষকে চমকে দেন। তাঁর ধারাবাহিক আক্রমণাত্মক কিক ও কার্যকর ব্লক প্রতিপক্ষকে কোণঠাসা করে ফেলে। অবশেষে জুরি বোর্ডের সিদ্ধান্তে মনজুর আলমকে বিজয়ী ঘোষণা করা হয়।
ম্যাচ চলাকালে উপস্থাপক একাধিকবার মনজুরের কৌশলী খেলা, দূরদর্শী আক্রমণ ও ঠাণ্ডা মাথার প্রতিরোধমূলক মনোভাবের প্রশংসা করেন। এই জয়ের খবরে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে উচ্ছ্বাস। মেহেরপুরে মনজুর আলমকে ফুলের মালা দিয়ে বরণ করেন এলাকাবাসী। তাঁর এই অর্জনে ক্রীড়াপ্রেমীদের মধ্যে বইছে আনন্দের জোয়ার। বাংলাদেশ মার্শাল আর্ট ফেডারেশনের সভাপতি বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরের গড় পুকুর: ঐতিহ্যের আলো ম্লান হওয়ার পথে

সূর্যোদয় প্রতিবেদক

এক সময় সবুজ বেষ্টনীতে ঘেরা নবাবি আমলের ঐতিহ্যবাহী গড় পুকুর মনোমুগ্ধকর পরিবেশে শহরবাসী আনন্দ উপভোগ করত। ২০১৯ সালে মেহেরপুর পৌরসভা গড় পুকুরের সৌন্দর্য বর্ধনের জন্য ১১ কোটি ৫৬ লাখ টাকার একটি প্রকল্প গ্রহণ করে। কিন্তু কাজ শুরু হওয়ার কিছুদিনের মধ্যেই প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় কাজ বন্ধ হয়ে পড়ে এতে এর ঐতিহ্যের আলো ম্লান হতে ছলেছে।
নবাব আলিবর্দ্দিন খানের সময় ডাকাতদের অত্যাচার থেকে বাঁচতে রাজা গোয়ালা চৌধুরী পুরো বাড়ির চারপাশে পরিখা খনন করেছিলেন। সেই খননের ধ্বংসাবশেষ এখন গড় পুকুর। সাত একর এলাকা জুড়ে এই গড় পুকুর বহু শতকের ইতিহাসের সাক্ষী হয়ে টিকে আছে। মেহেরপুর পৌরসভা এই পুকুরকে আয়ের উৎসে রূপান্তর করার জন্য বিনোদন কেন্দ্র গড়ার উদ্যোগ নিয়েছিল।
২০১৯ সালে ইউজিপি-৩ প্রকল্পের আওতায় ১১ কোটি ৬১ লাখ টাকার টেন্ডার পায় বগুড়ার ঠিকাদারি প্রতিষ্ঠান মসুমা ট্রেডার্স। ২০২১ সালের ২

২-এর পৃষ্ঠা দেখুন

## সুযোগ পেলে বিজয় ভালো করবেন: শান্ত

সূযোদয় ডেক্স

বাংলাদেশ জাতীয় দলের অভিজ্ঞ ব্যাটার এনামুল হক বিজয় সম্প্রতি শ্রীলঙ্কার বিপক্ষে টেস্ট সিরিজে বাজে পারফরম্যান্সের কারণে তীব্র সমালোচনার মুখে পড়েছেন। গল ও কলম্বো টেস্ট মিলিয়ে চার ইনিংসে তার রান মাত্র ২৩। ব্যর্থতার এমন ধারাবাহিকতায় অনেকেই ধরে নিয়েছেন, বিজয়ের টেস্ট ক্যারিয়ার হয়তো এখানেই শেষ। তবে তার পাশে দাঁড়িয়েছেন সদ্য সাবেক টেস্ট অধিনায়ক নাজমুল হোসেন শান্ত।
কলম্বো টেস্ট শেষে সংবাদ সম্মেলনে বিজয়কে দলে রাখার পক্ষে যুক্তি তুলে ধরেন শান্ত। বলেন, "বিজয় ভাইয়ের ৯

২-এর পৃষ্ঠা দেখুন

## ভুয়া সনদে ১১ বছর ধরে গ্রাম পুলিশ চাকরিতে রিপন কুমার দাস

সূর্যোদয় প্রতিবেদক



মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নে ভুয়া শিক্ষাগত সনদ ব্যবহার করে ১১ বছর ধরে গ্রাম পুলিশ হিসেবে দায়িত্ব পালন করছেন রিপন কুমার দাস। অভিযোগ উঠেছে, তিনি কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণি পাসের ভুয়া সনদ দিয়ে চাকরিতে প্রবেশ করেছেন।
কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ ছিপাত আলী বলেন, "রিপন কুমার কখনো আমাদের বিদ্যালয়ের ছাত্র ছিলেন না। সে কিভাবে আমার স্কুলের সনদ পেয়েছে আমার জানা নেয়। তৎকালীন প্রধান শিক্ষক মোঃ ইমদাদুল হকও বিষয়টি নিশ্চিত করে বলেন, তৎকালীন পতিত ক্ষমতাসীন আওয়ামী লীগ দলের নেতা ও জনপ্রতিনিধিদের চাপের মুখে আমাকে ভুয়া সনদ দিতে বাধ্য করা হয়েছিল।
রিপন কুমার দাস সদর উপজেলার গোভিপুর গ্রামের বাসিন্দা এবং বেনয়ারি কুমার দাসের ছেলে। স্থানীয়ভাবে জানা গেছে, তিনি দীর্ঘদিন ধরে রাজনৈতিক প্রভাব খাটিয়ে চাকরি করে আসছেন। আওয়ামী লীগ সরকারের সময়ে কেউ মুখ খুলতে

২-এর পৃষ্ঠা দেখুন

## ইরান পারমাণবিক অস্ত্র অর্জনের চেষ্টা করলে আবারও হামলা চালানো হবে: ট্রাম্প

সূযোদয় ডেক্স

ইরান যদি পারমাণবিক অস্ত্র অর্জনের চেষ্টা করে, তবে আবারও দেশটিতে হামলা চালানো হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে দেওয়া এক বার্তায় তিনি এ কথা বলেন।
সম্প্রতি ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি দাবি করেন, ইসরায়েলের সঙ্গে ১২ দিনের সাম্প্রতিক সংঘাতে ইরান জয়লাভ করেছে। তার এই দাবির তীব্র সমালোচনা করেন ট্রাম্প। তিনি বলেন, খামেনিকে একটি অত্যন্ত কুৎসিত এবং ঘৃণ্য

২-এর পৃষ্ঠা দেখুন

## ইবির বাসচাপায় পুলিশ কনস্টেবল নিহত

কুষ্টিয়া প্রতিনিধি



কুষ্টিয়ায় দায়িত্বপালনকালে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থী বহনকারী একটি বাসের চাপায় হাফিজুর রহমান (৩০) নামের এক পুলিশ কনস্টেবল নিহত হয়েছেন। শনিবার (২৮ জুন) সকাল সাড়ে ১০টার দিকে কুষ্টিয়া সদর উপজেলার ভাদালিয়া এলাকায় কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলটি চৌড়হাস হাইওয়ে থানার সামনের অংশে অবস্থিত।
নিহত হাফিজুর রহমান কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে থানায় কর্মরত ছিলেন। তিনি পাবনা জেলার চাটমোহর উপজেলার জাগরকোল গ্রামের আহম্মদ আলীর ছেলে।
চৌড়হাস হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) নাজির আহমেদ জানান, সকাল সাড়ে ১০টার দিকে দায়িত্ব পালনের সময় হাফিজুর রহমান রাস্তার পাশে অবস্থান করছিলেন। এ সময় কুষ্টিয়া অভিমুখী ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী বহনকারী একটি বাস একটি ট্রাককে ওভারটেক করতে গেলে হাফিজুরকে চাপা দেয়। এতে তিনি ঘটনাস্থলেই প্রাণ হারান।
নিহতের স্ত্রী হাবিবা খাতুন জানান, সাত মাস আগে

২-এর পৃষ্ঠা দেখুন



## পদ্মশ্রীপ্রাপ্ত কার্তিক মহারাজের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ তদন্তে নেমেছে পুলিশ

সূযোদয় ডেক্স

পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত স্বামী প্রদীপ্তানন্দ ওরফে কার্তিক মহারাজের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ উঠেছে। অভিযোগ অনুযায়ী, চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে এক মহিলাকে ধর্ষণ করেছেন তিনি। বৃহস্পতিবার নবগ্রাম থানায় অভিযোগ দায়ের হওয়ার পর, পুলিশের পক্ষ থেকে এফআইআর রুজু করে তদন্ত শুরু করা হয়েছে। পুলিশের এক শীর্ষ কর্মকর্তা জানিয়েছেন, অভিযোগের সত্যতা যাচাই করে পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়া হবে।
অভিযোগকারিণী জানান, ২০১২ সালের ডিসেম্বরে কার্তিক

২-এর পৃষ্ঠা দেখুন

## দৌলতপুর সীমান্তে মাদক ব্যবসাকে কেন্দ্র করে যুবককে কুপিয়ে হত্যা

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার প্রাগপুর ইউনিয়নের মহিষকুণ্ডি গ্রামের ঠোঁটারপাড়া মাঠে মাদক ব্যবসা নিয়ে বিরোধের জেরে মহন আলী (২৫) নামের এক যুবককে কুপিয়ে হত্যা করা হয়েছে। এ ঘটনায় মহন আলীর সঙ্গী হৃদয় (২৫) নামে আরও একজন আহত হয়েছে। শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে। নিহত মহন আলী জামালপুর গ্রামের মৃত মদন আলীর ছেলে। আহত হৃদয় (২৫), একই গ্রামের মৃত মনসুর আলীর ছেলে। স্থানীয়রা ও বিজিবির সদস্যরা আহতদের উদ্ধার করে প্রথমে দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠান। চিকিৎসাধীন অবস্থায় মহন আলী রাত সাড়ে ১১টার দিকে মারা যান।
শনিবার ভোর সাড়ে ৩টার দিকে বিজিবি-৪৭ ব্যাটালিয়নের একটি দল অভিযান চালিয়ে ঠোঁটারপাড়া এলাকা থেকে সোহেল হোসেন (২৮) নামে এক ব্যক্তিকে আটক করে। সোহেল ওই গ্রামের মিল্টনের ছেলে। তার কাছ থেকে ৭৫ বোতল ভারতীয় ফেনসিডিল ও ১৭ বোতল এলএসডি উদ্ধার করা হয়, যার আনুমানিক মূল্য প্রায় ৯ কোটি টাকা।
আহত হৃদয় প্রাথমিক জিজ্ঞাসাবাদে সোহেলকে হামলাকারীদের একজন হিসেবে চিহ্নিত করেছেন। সোহেলকে দৌলতপুর থানায় হস্তান্তর করা হয়েছে এবং তার বিরুদ্ধে হত্যা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন। নিহত মহনের চাচা কদম আলী পাঁচজনকে আসামি করে এবং আরও পাঁচ-ছয়জনকে অজ্ঞাতনামা আসামি করে হত্যা মামলা দায়ের করেছেন।
দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হুদা জানান, আসামিদের গ্রেপ্তারের জন্য অভিযান চলছে এবং বিজিবির হাতে আটক সোহেলকে কারাগারে পাঠানোর প্রস্তুতি চলছে।



## আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরিদর্শনে ইউএনও খায়রুল ইসলাম

মেহেরপুর প্রতিনিধি:

মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরিদর্শন করেছেন।
শনিবার (২৮ জুন) দুপুরে তিনি বিদ্যালয় প্রাঙ্গণে উপস্থিত হয়ে প্রতিষ্ঠানটির বিভিন্ন দিক ঘুরে দেখেন এবং সার্বিক পরিবেশ ও শিক্ষার্থীদের পড়াশোনার অগ্রগতি সম্পর্কে খোঁজখবর নেন।
পরিদর্শনকালে তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী, আরিফ হোসেন ও আব্দুল্লাহসহ আরও অনেকে। ২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর মোঃ মনিরুল ইসলামের বিদায় সংবর্ধনা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর ও নিরাপদ খাদ্য পরিদর্শক মোঃ মনিরুল ইসলাম চাকরি জীবন শেষ করে অবসর গ্রহণ করায় তাকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার সকালে জেলা নিরাপদ খাদ্য অফিসের মিলনায়তনে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম, গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমানসহ অন্যান্যে। বক্তারা বিদায়ী কর্মকর্তার কর্মময় জীবনের নানা দিক তুলে ধরে তার ভবিষ্যতের জন্য শুভকামনা জানান। অনুষ্ঠান শেষে মোঃ মনিরুল ইসলামকে ফুল দিয়ে শুভেচ্ছা ও সম্মান জানানো হয়।



## আমঝুপিতে শিক্ষা, ক্রীড়া ও কৃষি উপকরণ বিতরণ

আমঝুপি প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের উদ্যোগে এবং এডিপি (অউচ) অর্থায়নে ২০২৪-২৫ অর্থবছরে শিক্ষা, ক্রীড়া ও কৃষি খাতের উন্নয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও কৃষকদের মাঝে

২-এর পৃষ্ঠা দেখুন

## গঙ্গা চুক্তির মেয়াদ শেষের পথে: ভারতের পরিবর্তনের ইঙ্গিতে উদ্বিগ্ন বাংলাদেশ

সূযোদয় ডেক্স

বাংলাদেশ-ভারতের মধ্যে ১৯৯৬ সালে স্বাক্ষরিত গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তির মেয়াদ শেষ হতে আর মাত্র এক বছর বাকি। এর মধ্যেই ভারত চুক্তির কাঠামো পরিবর্তনের পরিকল্পনা শুরু করেছে বলে জানিয়েছে প্রভাবশালী ভারতীয় সংবাদমাধ্যম ইকোনমিক টাইমস।
খবরে বলা হয়েছে, ভারত 'নিজেদের স্বার্থে' চুক্তির নতুন কাঠামো নিয়ে নীতিগত আলোচনা শুরু করেছে। যদিও চুক্তি বাতিলের কোনও ঘোষণা

২-এর পৃষ্ঠা দেখুন




## আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে বাস্কেটবল কোর্ট নির্মাণ কাজের উদ্বোধন

আমঝুপি প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আধুনিক বাস্কেটবল কোর্ট নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। শনিবার (২৮ জুন) সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুর সমবায় ব্যাংকের সভাপতি নির্বাচিত হলেন হাফিজুর রহমান

মেহেরপুর প্রতিনিধি



মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য হাফিজুর রহমান। শনিবার (২৮ জুন) সরাসরি ভোটের মাধ্যমে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। ব্যাংকের কার্যালয়ে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলে। মোট ২০ জন ভোটারের সবাই তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন দুই প্রার্থীড়্হাফিজুর রহমান ও আব্দুল মজিদ। নির্বাচনে হাফিজুর রহমান ১৩ ভোট পেয়ে বিজয়ী হন। অপর প্রার্থী আব্দুল মজিদ পান ৬

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুকাব্য

মেহেরপুরে শিক্ষকের অভাবে নুয়ে পড়েছে প্রাথমিক শিক্ষা ব্যাবস্থা।
মামুনুর রশিদ মামুন

স্কুল আছে শিক্ষক নেই
কেমন করে চলবেড়-
শিক্ষা এখন চোঙ্গের ভিতর
সুশিল সমাজ বলছেড়।
শিক্ষা ভাল পেতে হলে
ভাল শিক্ষক দরকার -
ঘুমিয়ে আছে শিক্ষা বিভাগ
দেখবে কি দেশের সরকার ।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ রোববার ॥ ১৫ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ২৯ জুন ২০২৫ইং

# জেলা জুড়ে পার্থেনিয়াম, জীববৈচিত্র্য হুমকির মুখে



মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের রাস্তাঘাট ও ফসলি জমির পাশে দ্রুত বিস্তার লাভ করছে ভয়াবহ বিষাক্ত আগাছা পার্থেনিয়াম। উদ্ভিদ বিজ্ঞানীদের মতে, এটি একটি নীরব ঘাতক; ফসল, মানুষ ও পশুর জন্য মারাত্মক ক্ষতিকর।

জেলার বিভিন্ন সড়কের দুই ধারে, পতিত ও অনাবাদি জমিতে দখল নিয়েছে আগাছাটি। বিশেষ করে মেহেরপুর-কুষ্টিয়া, মেহেরপুর-চুয়াডাঙ্গা, মুজিবনগর-দর্শনা ও শোলমারী-কাথুলী সড়কে এবছর আগাছাটির ব্যাপক উপস্থিতি দেখা যাচ্ছে।

বিশেষজ্ঞরা জানিয়েছেন, পার্থেনিয়ামের ফুলের রেণুতে থাকা বিষাক্ত উপাদান ‘সেস্কুইটার্পিন ল্যাকটোন’ ও ‘পার্থেনিন’ মানুষের শ্বাসতন্ত্রে প্রবেশ করলে হাঁপানি, জ্বর ও অ্যালার্জির মতো রোগ সৃষ্টি করে। গবাদিপশু খেলে অন্ত্রে ঘা, যকৃতে পচন এবং দুধ উৎপাদনে বিরূপ প্রভাব পড়ে। এর রস লাগলে চামড়ায় অ্যালার্জি ও

২-এর পৃষ্ঠা দেখুন



## “৩১ দফা বাস্তবায়নের পথে বিএনপির সাংগঠনিক পুনর্জাগরণ” - অ্যাডভোকেট কামরুল হাসান

সূর্যোদয় প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মেহেরপুর জেলা শাখার আহবায়ক কমিটির সদস্যসচিব অ্যাডভোকেট কামরুল হাসান আমাদের সূর্যোদয়কে বলেন, “আমাদের প্রিয় নেতা, ২০ কোটি মানুষের আশার প্রতীক, আপোষহীন তারেক রহমানের নেতৃত্বে গত ১৩ ডিসেম্বর মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি গঠিত হয়। এর পরদিন থেকেই আমরা জেলা জুড়ে ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে সম্মেলন এবং কাউন্সিল সম্পন্ন করেছি।” তিনি বলেন, “প্রতিটি ইউনিয়নে গড়ে প্রায় ৪৫৯ জন কাউন্সিলর অংশগ্রহণ করে সরাসরি ভোটের মাধ্যমে সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচন করেছেন। নির্বাচিত প্রতিনিধিরাই ৭১ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি গঠন করছেন। এই কমিটির মাধ্যমেই ভবিষ্যতে থানা ও জেলা কমিটি গঠন করা হবে।

মতপার্থক্যের বিষয়ে কামরুল হাসান বলেন, “বিএনপি একটি বৃহৎ রাজনৈতিক দল। এখানে কেউ কেউ কখনো কখনো দলের নির্দেশনার বাইরে যেতে পারেন। তবে এতে দলের কোনো ক্ষতি হয় না। যারা দলবিরোধী অবস্থানে আছেন, তাদের মানসিকতা এখনো ২০০৭ সালের সংস্কারবাদী ধারার মতো। তারা নিজেদের আখের গোছাতেই ব্যস্ত।

তিনি আরও বলেন, আমাদের কমিটি দায়িত্ব নেওয়ার পর থেকেই মেহেরপুরে বিএনপির ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখতে কাজ করছি। চাঁদাবাজি, টেন্ডারবাজির মতো কর্মকাণ্ডের বিরুদ্ধে আমরা ‘জিরো টলারেন্স’ নীতি গ্রহণ করেছি। প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীকে বিষয়টি স্পষ্টভাবে জানানো হয়েছে।

কামরুল হাসান বলেন, তারেক রহমান স্কাইপির মাধ্যমে আমাদের সুস্পষ্ট নির্দেশনা দিয়েছেন নতুন কমিটিকে সবাইকে সহযোগিতা করতে হবে। যারা এ নির্দেশনা অমান্য করছে, তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

২-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপিতে নির্মাণাধীন মিনি স্টেডিয়াম পরিদর্শনে ইউএনও

আমঝুপি প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে নির্মাণাধীন মিনি স্টেডিয়াম পরিদর্শন করেছেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম। শনিবার (২৮ জুন) দুপুরে তিনি নির্মাণস্থল ঘুরে দেখেন এবং চলমান কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে খোঁজখবর নেন।

পরিদর্শনকালে ইউএনও সংশ্লিষ্টদের নির্মাণকাজে গুণগতমান বজায় রাখা এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার নির্দেশনা প্রদান

২-এর পৃষ্ঠা দেখুন

## গোভীপুর ভৈরব ক্লাব আয়োজিত আন্তঃগ্রাম ফুটবল টুর্নামেন্টে মাধবীতলা একাদশের জয়

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর ভৈরব ক্লাবের উদ্যোগে আয়োজিত আন্তঃ গোভীপুর গ্রাম ফুটবল টুর্নামেন্টে গোভীপুর মাধবীতলা একাদশ বিজয়ী হয়েছে।

শনিবার বিকেলে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় মাধবীতলা একাদশ ১-০ গোলে মাঠপাড়া একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে একমাত্র এবং জয়সূচক গোলটি করেন আব্দুল্লাহ। দুর্দান্ত খেলোয়াড়ী নৈপুণ্যের জন্য আব্দুল্লাহ ‘ম্যান অব দ্যা ম্যাচ’ নির্বাচিত হন। খেলা শেষে ম্যান অব দ্যা ম্যাচ পুরস্কার প্রদান করা হয়। সাবেক

২-এর পৃষ্ঠা দেখুন



## কালের কণ্ঠের মাল্টিমিডিয়া রিপোর্টার হিসেবে নিয়োগ পেলেন সাংবাদিক রাব্বি আহমেদ

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশের শীর্ষস্থানীয় গণমাধ্যম প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের দৈনিক কালের কণ্ঠ-এর মাল্টিমিডিয়া বিভাগে মেহেরপুর প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন তরুণ সাংবাদিক রাব্বি আহমেদ।

শনিবার (২৮ জুন) বিকেলে কালের কণ্ঠের প্রধান কার্যালয়ে মাল্টিমিডিয়া ইনচার্জ রাজিবুল হাসান তার হাতে আনুষ্ঠানিকভাবে নিয়োগপত্র তুলে দেন। নিয়োগপত্রে স্বাক্ষর করেন কালের কণ্ঠের

২-এর পৃষ্ঠা দেখুন

## করোনায় আরও দুই মৃত্যু, শনাক্ত ৭

নিজস্ব প্রতিবেদক

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আরও দুই জনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে শনাক্ত হয়েছেন ৭ জন।

শনিবার (২৮ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনা বিষয়ক এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় ১৮১টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এতে নতুন করে শনাক্ত হয়েছেন ৭ জন। এতে শনাক্তের হার দাঁড়িয়েছে ৩ দশমিক ৮৭ শতাংশ।

চলতি বছর এখন পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৫৩৫ জনে। আর দেশে করোনা সংক্রমণ শুরুর পর থেকে এ পর্যন্ত মোট শনাক্তের সংখ্যা ২০

২-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে ৬৫ লাখ টাকার অবৈধ কারেন্ট জাল জব্দ, আগুনে পুড়িয়ে ধ্বংস

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের কালীগঞ্জ পৌর শহরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে প্রায় ৬৫ লাখ টাকার অবৈধ কারেন্ট ও চায়না দোয়াড়ি জাল জব্দ করে ধ্বংস করা হয়েছে। শনিবার (২৮ জুন) সকাল ১০টায় সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তানভীর ইসলাম সাগরের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

জেলা প্রশাসনের টাস্কফোর্স এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ

২-এর পৃষ্ঠা দেখুন

## ধেয়ে আসছে শক্তিশালী বৃষ্টিবলয় ‘নির্ঝর’, সক্রিয় থাকবে যতদিন

নিজস্ব প্রতিবেদক

চলছে বর্ষা মৌসুম। তবে, এখন পর্যন্ত স্বাভাবিক বৃষ্টিপাতের কোনো লক্ষণ নেই। কাঙ্খিত বৃষ্টির অভাবে অস্বস্তি বিরাজ করছে জনজীবনে। এমন পরিস্থিতিতে কিছুটা স্বস্তির বার্তা দিয়েছে বাংলাদেশ ওয়েদার অবজারভেশন টিম (বিডব্লিউওটি)।

সংস্থাটি বলছে, দেশের দিকে ধেয়ে আসছে অত্যন্ত শক্তিশালী বৃষ্টিবলয় ‘নির্ঝর’। শুক্রবার (২৭ জুন) রাতে নিজেদের ফেসবুক পেজে এমন তথ্য জানায় বিডব্লিউওটি।

পোস্টে বিডব্লিউওটি জানিয়েছে, দেশের দিকে ধেয়ে আসছে ভারী থেকে অতিভারী মৌসুমি বৃষ্টিবলয় ‘নির্ঝর’। এটি চলতি বছরের সপ্তম বৃষ্টিবলয় এবং তৃতীয় মৌসুমি বৃষ্টিবলয়, যা ২৮ জুন দেশের উপকূলীয় এলাকা থেকে শুরু হয়ে আগামী ৫ জুলাই রাজশাহী বিভাগ হয়ে দেশ ত্যাগ করতে পারে।

দেশের সমগ্র উপকূলীয় এলাকায় সর্বাধিক সক্রিয় থাকলেও বৃষ্টিবলয়টি বেশ সক্রিয় থাকবে বরিশাল, চট্টগ্রাম এবং খুলনা

২-এর পৃষ্ঠা দেখুন



## অনূর্ধ্ব১২ ক্রিকেট কার্নিভালে চ্যাম্পিয়ন ইমরুল কায়েস ক্রিকেট একাডেমি

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ ক্রিকেট কন্ট্রোল বোর্ডের উদ্যোগে এবং মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সহযোগিতায় মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত হয়েছে অনূর্ধ্ব১২ ক্রিকেট কার্নিভাল। বাংলাদেশ টেস্ট ক্রিকেটের ২৫ বছর পূর্তি উপলক্ষে এই আয়োজন করা হয়।

শনিবার সকালে অনুষ্ঠিত ম্যাচে ইমরুল কায়েস ক্রিকেট একাডেমি ৩ উইকেটে মেহেরপুর এমকেএসপি এ দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। টসে হেরে প্রথমে ব্যাট করতে নেমে

২-এর পৃষ্ঠা দেখুন

## এনবিআরে অচলাবস্থা, দৈনিক ২,৫০০ কোটি টাকার বাণিজ্য ব্যাহত হচ্ছে

নিজস্ব প্রতিবেদক

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর্মকর্তাদের আন্দোলনের কারণে প্রতিদিন ২,৫০০ কোটি টাকার আমদানি-রপ্তানি ব্যাহত হচ্ছে উল্লেখ করে চলমান অচলাবস্থা নিরসনে শনিবারের (২৮ জুন) মধ্যে আলোচনা করে এর সমাধান চেয়েছেন ব্যবসায়ী নেতারা।

শনিবার (২৮ জুন) দুপুরে এনবিআরের বর্তমান অচলাবস্থার প্রভাব তুলে ধরতে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে যৌথ সংবাদ সম্মেলন করেছে বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএমএ, ডিসিসিআই, এমসিসিআই, বিসিআই, আইসিসি বাংলাদেশসহ দেশের শীর্ষ বাণিজ্যিক সংগঠনগুলো।

বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান জানান, এনবিআরের

২-এর পৃষ্ঠা দেখুন

## বিদেশি অস্ত্র ও ককটেলসহ আটক বিএনপি নেতা মুচলেকায় মুক্ত

মেহেরপুর প্রতিনিধি



মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাফর আলী (৫০) যৌথবাহিনীর অভিযানে আটক হওয়ার পর মুচলেকায় মুক্তি পেয়েছেন। শুক্রবার (২৭ জুন) ভোরে তাকে এলাঙ্গী গ্রামের নিজ বাড়ি থেকে আটক করা হয়, আর সন্ধ্যায় বড় ভাই বজলুল হকের জিম্মায় তাকে মুক্তি দেওয়া হয়।

গোপন সংবাদের ভিত্তিতে বাংলাদেশ সেনাবাহিনীর গাংনী ক্যাম্পের মেজর ফজলে রাব্বীর নেতৃত্বে যৌথ অভিযান চালানো হয়। অভিযানে সেনাবাহিনী ও পুলিশের সদস্যরা অংশ নেন। অভিযানে জাফরের বাড়ি থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগাজিন ও তিনটি ককটেল উদ্ধার করা হয় বলে জানায় যৌথবাহিনী। পরে তাকে গাংনী

২-এর পৃষ্ঠা দেখুন

## ইতিহাসের সবচেয়ে সুন্দর, অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচন উপহার দিতে বর্তমানে অন্তর্বর্তী সরকার বদ্ধ পরিকর

নিজস্ব প্রতিবেদক

শনিবার (২৮ জুলাই) বিকেলে খুলনা জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এ কথা বলেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব মোহাম্মদ শফিকুল আলম। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রেস সচিব বলেন, গত ২৬ জুন প্রধান উপদেষ্টার সঙ্গে প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) বৈঠকের বিষয়ে বিএনপি জানতে চেয়েছে। বৈঠকটি শুধুই সৌজন্য সাক্ষাৎ ছিল। তাই সেটি সামনে আনার মতো কোনো কারণ নেই।

প্রেস সচিব বলেন, খুলনার উন্নয়নে অন্তর্বর্তী সরকারের বিশেষ দৃষ্টি

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রবীণ সাংবাদিক সিরাজুল হক আর নেই

নিজস্ব প্রতিবেদক

জাতীয় প্রেসক্লাবের স্থায়ী সদস্য ও প্রবীণ সাংবাদিক সিরাজুল হক আর নেই। গত বৃহস্পতিবার নিউইয়র্ক সময় বেলা সোয়া ১১টায় (বাংলাদেশ সময় রাত সোয় ৯টা) কুইন্স হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। তিনি দুই ছেলে ও দুই মেয়েসহ অসংখ্য আত্মীয়-স্বজন, সহকর্মী ও গুণগ্রাহী রেখে গেছেন।

জাতীয় প্রেসক্লাব থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা

২-এর পৃষ্ঠা দেখুন




## কেরু অ্যান্ড কোম্পানিতে দুর্নীতি ও অনিয়মের মহোৎসব

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দর্শনায় অবস্থিত দেশের একমাত্র রাষ্ট্রায়ত্ত মদ প্রস্তুতকারী প্রতিষ্ঠান কেরু অ্যান্ড কোং (বাংলাদেশ) লিমিটেড-এ দুর্নীতি ও অনিয়মের অভিযোগে তোলপাড় শুরু হয়েছে। প্রতিষ্ঠানটির বর্তমান ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মীর রাব্বিক হাসান-এর বিরুদ্ধে ওঠা বিস্তর অভিযোগ এখন টক অব দ্য টাউন। সরকারি রাজস্বে অবদান রাখা এবং মাদক নিয়ন্ত্রণ নীতিতে সহায়ক ভূমিকা রাখার কথা থাকলেও, কেরুতে এখন আস্থার সংকট তৈরি হয়েছে। একাধিক সূত্র জানিয়েছে, বাংলা মদ তৈরির অনুমোদন না থাকলেও গোপনে ৪০ লাখ প্লাস্টিক বোতল টেন্ডার ছাড়াই কেনা হয়েছে, যেখানে প্রতিটি বোতলের মূল্য ধরা হয়েছে ১৪ টাকা করে। যার

২-এর পৃষ্ঠা দেখুন


## পাকিস্তানে আত্মঘাতী বোমা হামলায় ১৩ সেনা নিহত

আন্তর্জাতিক ডেস্ক

পাকিস্তানের উত্তরপশ্চিমাঞ্চলীয় প্রদেশ খাইবার পাখতুনখোয়ায় আত্মঘাতী বোমা হামলায় ১৩ জন সেনা নিহত হয়েছেন এবং আহত হয়েছেন আরও ২৯ জন। শনিবার দুপুরে প্রদেশের উত্তর ওয়াজিরিস্তান জেলায় ঘটেছে এই ঘটনা।

উত্তর ওয়াজিরিস্তানের একজন সরকারি কর্মকর্তা এএফপিকে বলেন, “সেনাবাহিনীর গাড়িবহরের মধ্যে একটি বিস্ফোরকবাহী গাড়ি ঢুকে পড়েছিল এবং ঢোকার প্রায় পরপরই ঘটে বিস্ফোরণ। এতে ১৩ জন নিহত এবং ২৯ জন আহত হয়েছেন। নিতহদের সবাই সেনাবাহিনীর। আহতদের মধ্যে ১০ জন সামরিক বাহিনীর সদস্য, বাকি ১০ জন বেসামরিক। এছাড়া বিস্ফোরনে

২-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

# ‘কাঁটা লাগা’ গানের সেই আবেদনময়ী মডেল আর নেই

বিনোদন ডেস্ক

মনে পড়ে ২০০২ সালে ঝড় তোলা হিন্দি পপ মিউজিক ভিডিও ‘কাঁটা লাগা’ গানের সেই আবেদনময়ী মডেলকে? এই অভিনেত্রী ও মডেলের নাম শেফালি জরিওয়ালা। গত (২৭ জুন) শুক্রবার দিবাগত রাতে তার আকস্মিক মৃত্যু হয়েছে। তার বয়স হয়েছিল ৪২ বছর।

রাতেই তড়িঘড়ি করে শেফালিকে হাসপাতালে নেওয়া হয়। চিকিৎসকেরা জানিয়েছেন হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে বেশ আগেই তার মৃত্যু হয়েছে। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি জানাচ্ছে, আজ শনিবার ভোরে শেফালির মরদেহ মুম্বাইয়ের একটি হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

২০০২ সালে বিয়ে করেন শেফালি। তাদের দাম্পত্য জীবন সুখের ছিল না। ২০০৯ সালে স্বামীর বিরুদ্ধে শারীরিক ও মানসিক নির্যাতনের অভিযোগ তুলে বিচ্ছেদের পথে বেছে নেন তিনি। ঘটনার কয়েক বছর পর প্রেমিক পরাগ ত্যাগীর সঙ্গে জুটি বেঁধে ‘নাচ বালিয়ে’-এর পঞ্চম সিজনে অংশ নিয়েছিলেন তিনি। ২০১৫ সালে বিয়ে করেন তারা। ‘বিগ বস্ ১৩’-এ প্রতিযোগী ছিলেন শেফালি। স্বামী পরাগকে নিয়ে সুখেই কাটছিল তার। এর মধ্যে পাওয়া যায় তার মৃত্যুর খবর।

বিপুল পরিচিতির মধ্যদিয়ে ২০০৪ সালে বলিউডে অভিষেক হয় শেফালির। অভিনয় করেন ‘মুঝসে শাদি করোগে’ ছবিতে। তবে সেটিও অতিথি চরিত্রে। তাকে দেখা গেছে ৩৫টির বেশি হিন্দি মিউজিক ভিডিওতে।

মাত্র ৪২ বছরেই না ফেরার দেশে পাড়ি জমালেন ‘কাঁটা লাগা’ গার্ল খ্যাত জনপ্রিয় অভিনেত্রী শেফালী জারিওয়ালা। শুক্রবার রাতের এই দুঃসংবাদ মেনে নিতে পারছেন না অনেকেই; কার্যত শোক নেমে এসেছে বিনোদন দুনিয়ায়।

ভারতীয় গণমাধ্যমের খবর, বৃহস্পতিবার রাতে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে শেফালীকে হাসপাতালে নেওয়া হয়। সেখানে পৌঁছানোর পর চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, কার্ডিয়াক অ্যারেস্টেই মৃত্যু অভিনেত্রীর। চিকিৎসকরা জানিয়েছেন, ময়নাতদন্তের প্রতিবেদন না আসা পর্যন্ত নিশ্চিতভাবে কিছু বলা যাচ্ছে না।

এদিকে মৃত্যুর দুদিন আগেও করেছেন ফটোশুট। তার ৪৮ ঘণ্টার মধ্যেই শোনা গেল এই দুঃসংবাদ। কাজেই তার রহস্যজনক এই মৃত্যু নিয়ে নানা প্রশ্নেরও সৃষ্টি হয়েছে।

তবে নানাবিধ অসুস্থতা নিয়ে জীবন কাটাতেন শেফালী। তার বয়স যখন ১৫, তখন থেকেই লড়ে যাচ্ছিলেন নানা অসুখে। অনেক আগে এক সাক্ষাৎকারে শেফালী জানিয়েছিলেন, যেকোনো বিষয়ে খুব চাপ অনুভব করতে তিনি, বিশেষ করে পরীক্ষার সময়। বলেন, ‘১৫ বছর থেকে আমার মৃগী রোগ আছে। যে কারণে খিঁচুনি হয়। রয়েছে ডিপ্রেশনও। আবার ডিপ্রেশনের কারণেও এই খিঁচুনি হতে পারে। একটা অন্যটার সঙ্গে জড়িত। ক্লাসরুমে, ব্যাকস্টেজে, রাস্তায় বা কোথাও বের হতে পারতাম না, আত্মবিশ্বাসের অভাব অনুভব করতাম।’

শেফালী এও জানিয়েছেন, ‘কাঁটা লাগা’ সফল হওয়ার পরেও তিনি শোবিজ থেকে তাঁর সংযোগে দূরত্ব তৈরি করেন। কারণ বহু বছর ধরে এই রোগে আক্রান্ত ছিলেন। বুঝতে পারতেন না হঠাৎ? কখন খিঁচুনি হবে। খিঁচুনি হলে পারফরম্যান্সের মাঝে সামাল দেওয়া মুশকিল।




# মা হতে চেয়েছিলেন শেফালী জারিওয়ালা

বিনোদন ডেস্ক

বলিউড অভিনেত্রী শেফালী জারিওয়ালার আকস্মিক মৃত্যুতে শোকের ছায়া নেমেছে বিনোদন জগতে। মাত্র ৪২ বছর বয়সে না ফেরার দেশে চলে গেলেন ‘কাঁটা লাগা’ খ্যাত এই অভিনেত্রী। মঙ্গলবার (২৭ জুন) রাতে মুম্বাইয়ে নিজের বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। তবে মৃত্যুর কারণ এখনও পর্যন্ত শেফালীর পরিবারের পক্ষ থেকে স্পষ্ট করে জানানো হয়নি। শেফালীর মৃত্যুতে শোকস্তব্ধ তার অনুরাগী, বন্ধু এবং পরিবার। অভিনেত্রীর বাবা, যিনি স্টেজ ফোর ক্যানসারে আক্রান্ত এবং মা এখনও মেনে নিতে পারছেন না, তাদের মেয়ে আর এই পৃথিবীতে নেই। শেফালী ছিলেন প্রাণবন্ত স্বভাবের। তিনি বাচ্চাদের খুব ভালোবাসতেন এবং বহুবার প্রকাশ করেছিলেন মা হওয়ার ইচ্ছা।

শেফালীর বাবা জানিয়েছেন, ছোটবেলা থেকেই তার মাথায় সন্তান দত্তক নেওয়ার ভাবনা ছিল। শেফালী ও তার স্বামী পরাগ একটি কন্যাসন্তান দত্তক নেওয়ার সিদ্ধান্তও নিয়েছিলেন। তবে দীর্ঘ প্রক্রিয়ার কারণে জীবিত অবস্থায় সেই ইচ্ছা আর পূরণ হয়নি।

এক সাক্ষাৎকারে শেফালী বলেছিলেন, ‘আমার বাবা বলেছিলেন, প্রথম সন্তান যেন আমার নিজের হয়, তারপর আরেকটি সন্তান দত্তক নিতে পারি। আমি যখন পরাগকে বিষয়টি জানাই, সে খুব সহজেই রাজি হয়ে যায়। বলেছিল, এই সিদ্ধান্তে সে সবসময় আমার পাশে থাকবে। তিনি আরও জানান, ভারতে দত্তক নেওয়ার প্রক্রিয়া সহজ নয়। প্রক্রিয়া শুরু করলেও লকডাউনের কারণে তা থমকে গিয়েছিল। শেফালীর কথায়, ‘দত্তক নেওয়ার প্রক্রিয়া সাধারণত দুই থেকে তিন বছর সময় নেয়। আমরা প্রক্রিয়া শুরু করেছিলাম, কিন্তু লকডাউনের কারণে তা আটকে যায়।’

অভিনেত্রীকে প্রায়ই শিশুদের সঙ্গে ছবি শেয়ার করতে দেখা যেত। মা হওয়ার জন্য তার যে তীব্র আকাঙ্ক্ষা ছিল, তা কখনও লুকাননি তিনি। তবে আর সেই ইচ্ছা পূরণ হল না এই অভিনেত্রীর।

এদিকে শেফালীর রহস্যজনক এই মৃত্যু নিয়ে তদন্ত শুরু করেছে মুম্বাই পুলিশ এবং ফরেনসিক টিম। প্রাথমিক তদন্তের জন্য অভিনেত্রীর বাড়ি থেকে বেশ কিছু নমুনা সংগ্রহ করা হয়েছে।

# শেফালীর মৃত্যু নিয়ে প্রশ্ন, ময়নাতদন্তের পরও ধোঁয়াশা

বিনোদন ডেস্ক

মাত্র ৪২ বছরেই না ফেরার দেশে পাড়ি জমালেন ‘কাঁটা লাগা’ গার্ল খ্যাত জনপ্রিয় অভিনেত্রী শেফালী জারিওয়ালা। হঠাৎই অসুস্থ হয়ে পড়ার পর তার স্বামী অভিনেত্রীকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এবার এই অভিনেত্রীর মৃত্যু ঘিরে ঘনাচ্ছে রহস্য। যদিও রিপোর্ট বলছে, অভিনেত্রীর মৃত্যু হৃদরোগের ফলেই হয়েছে। কিন্তু মুম্বাই পুলিশের কাছে অভিনেত্রীর মৃত্যু ঘিরে তৈরি হয়েছে ধোঁয়াশা। সত্যিই কি হৃদরোগে আক্রান্ত হয়েই প্রয়াত হলেন অভিনেত্রী নাকি এর পেছনে লুকিয়ে রয়েছে অন্য কোনো রহস্য- তা জানতেই ময়নাতদন্তের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শুধু তাই নয়, অভিনেত্রীর বাড়িতে পৌঁছায় ফরেনসিক টিম। শুক্রবার দিবাগত রাত ১টার সময় ময়নাতদন্ত শেষ হলে সেই রিপোর্টেও ধোঁয়াশা কাটেনি। এমনটাই নাকি ভারতের প্রায় সকল গণমাধ্যমে জানানো হয়েছে মুম্বাই পুলিশের পক্ষ থেকে।

শুক্রবার হাসপাতালে নেওয়ার পথেই মারা যান শেফালী। তার মৃত্যুর খবর চাউর হতেই শুক্রবার রাত থেকেই শোক নেমে আসে তার ভক্ত ও বিনোদন অঙ্গনে।

# তুরস্কে ভিন্ন রূপে রুনা খান, ঘুরে দেখলেন অটোমানের প্রাসাদ



বিনোদন ডেস্ক

নানা গুণে অনন্য জনপ্রিয় অভিনেত্রী রুনা খান। একদিকে পর্দায় যেমন সাবলীল অভিনয়ের দাপট দেখাচ্ছেন, অন্যদিকে সামাজিক মাধ্যমে তুলছেন ঝড়। রিলস কিংবা রিয়েল লাইফ- সবেতেই থাকেন আলোচনায়।

বরাবরের মতো সাহসী অবতারে ধরা দিতে রুনা খানের জুড়ি নেই। তার ব্যক্তিত্বও ঠোঁটকাটা। এই মুহূর্তে লাইমলাইটে থাকা এই অভিনেত্রী রয়েছেন ছুটির আমেজে; বেশ কিছুদিন ধরে রয়েছেন দেশের বাইরে। সেখান থেকেই ভিন্ন অবতারে ধরা দিয়ে মুগ্ধতা ছড়াচ্ছেন অনুরাগীদের মাঝে।

কিছুদিন আগেই ফ্যামিলি ট্যুর হিসেবে গিয়েছিলেন আমেরিকায়। পরিবারের সঙ্গে সময় কাটিয়ে উড়াল দেন তুরস্কে। সেখান থেকে তার নজরকাড়া লুক, ফ্যাশন ও ঘুরে বেড়ানোর কিছু মুহূর্ত মনে ধরেছে অনুরাগীদের।

সম্প্রতি তুরস্কে ইস্তানবুল শহর ঘুরে ঘুরে দেখলেন রুনা খান। তারই কিছু মুহূর্ত ভক্তদের মাঝে ভাগ করে নেন অভিনেত্রী। লাল রঙের স্লিভলেস থাই-হাই স্লিটেড গাউন পরে ধরা দিলেন সাহসী রূপে; সানগ্লাস চোখে, পায়ে স্নিকার্স- সঙ্গে দিয়েছেন বিভিন্ন পোজ।

এছাড়াও তুরস্কের অটোমান সম্রাজ্যের সেই প্রাসাদেও যান অভিনেত্রী; দেখে আসেন সুলতান সোলায়মানের সেই হেরেমখানা! সেখানে আরেক ভিন্ন লুকে ধরা দেন রুনা। পরনে কালো পোশাক। সবমিলিয়ে রুনা খানের এই তুরস্ক সফরে বেশ আনন্দেই কেটেছে অভিনেত্রীর- তা বুঝতে বাকি নেই অনুরাগীদের। সবশেষ ঈদে মুক্তি পেয়েছে অমিতাভ রেজার ওয়েব সিরিজ ‘বোহেমিয়ান ঘোড়া’, যেখানে রুনা খানের অভিনয় বেশ প্রশংসা কুড়িয়েছে। এছাড়া ওয়েব সিরিজ ‘পাপ কাহিনী’ ও সিনেমা ‘নীলপদ্ম’তেও দেখো মিলেছে তার।

# অভিনেত্রী শেফালীর মৃত্যুর খবরে যা বললেন নীরব

বিনোদন ডেস্ক

মাত্র ৪২ বছরেই না ফেরার দেশে পাড়ি জমালেন ‘কাঁটা লাগা’ গার্ল খ্যাত জনপ্রিয় অভিনেত্রী শেফালী জারিওয়ালা। শুক্রবার রাতের এই দুঃসংবাদ মেনে নিতে পারছেন না অনেকেই; কার্যত শোক নেমে এসেছে বিনোদন দুনিয়ায়। শেফালীর মৃত্যুতে তার বাংলাদেশের অনুরাগীদের মাঝেও নেমে এসেছে শোক; যা ছুঁয়ে গেছে দেশের তারকামহলেও। তার মধ্যে শোক প্রকাশ করলেন পর্দার জনপ্রিয় অভিনেতা ও মডেল নীরব হোসেন। শেফালীর মৃত্যুর খবর ছড়াতেই তার সঙ্গে ফ্রেমবন্দী হওয়া একটি স্থিরচিত্র সামাজিক মাধ্যমে ভাগ করে নিয়েছেন অভিনেতা। লিখেছেন, ‘বিশ্বাস করতে পারছি না, শেফালী জারিওয়ালা আর নেই।


**মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার**
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭

ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
স্পেশালিষ্ট পেইন এন্ড ক্রিটিক্যাল মেডিসিন এম.বি.বি.এস, সি,সি, ডি-ডায়াবেটলজি (বারডেম) ডিএ-ডিপ্লোমা ইন এনেসথেশিয়া, পেইন এন্ড ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন (বিএসএমএমই এফ.আই.পি.এম- ফেলোশিপ ইন ইন্টারভেনশনাল পেইন ম্যানেজমেন্ট (ইন্ডিয়া) কনসালটেন্ট (এনেসথেশিয়া)-রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : শুক্র থেকে মঙ্গলবার সকাল ১০টা হতে বিকাল ৫টা পর্যন্ত

মেডিসিন, গাইনী ও প্রসূতী
ডাঃ তাসনিম সুলতানা
এমবিবিএস (আর ইউ ) ডি এম ইউ (ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড) স্পেশাল ট্রেইন্ডইন টিভিএস ও কালার ডপলার মেডিকেল অফিসার মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার
প্রতি শনি-বৃহস্পতিবার সকাল ৯টা-বিকাল ৩টা পর্যন্ত

মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
ডাঃ মোঃ ফারুক হোসেন
এমবিবিএস (সিএমসি), বিসিএস (স্বাস্থ) পিজিটি (মেডিসিন) মেডিকেল অফিসার
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর

ডাঃ মোঃ আলী হায়দার
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এমএস (অর্থোপেডিক-সার্জারী) জুনিয়র কনসালটেন্ট দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়া।
প্রতি শুক্রবার সকাল ০৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত

ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও সেক্স রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
প্রতি শনিবার সকাল ৯টা হতে বিকেল ৪টা পর্যন্ত

ডাঃ মোঃ সেলিম উদ্দীন
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (মেডিসিন) এম.ডি: রেসিডেন্ট গ্যাস্ট্রোএন্টেরোলজি কনসালটেন্ট (মেডিসিন) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
প্রতি শুক্রবার দুপুর ৩টা হতে রাত ৮টা পর্যন্ত

**মাইক্রোপ্যাথ ল্যাব**
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল ঃ ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল ঃ ০১৭৮৮-২২১৩৩৫

গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ সোনিয়া আহমেদ
এম.বি.বি.এটা (রাজ), বি.সি.এস (স্বাস্থ্য), ডিজিও (বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়), কনসালটেন্ট গাইনী এন্ড অবস রোগী দেখার সময় : প্রতি রবি ও বুধবার দুপর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ

(প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
ডাঃ মেশকাতুন নেছা রিমা
এম.বি.বি.এস, পিজিটি (গাইনী এন্ড অবস), এফসিপিএস পার্ট-১ (গাইনী এন্ড অবস), সি এম ইউ (আল্ট্রা), (প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
রোগী দেখার সময় ঃ প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। শুক্রবার ব্যতিত
বিঃদ্রঃ এখানে নিয়মিত কালার ডপলার ইকো করা হয়।

ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এমডি (কার্ডিওলজি) এফসিপিএস, মেডিসিন (শেষ পর্ব), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা।
রোগী দেখার সময় : বৃহস্পবির বিকাল ৪টা থেকে রাত্রি ৮টা এবং শুক্রবার সকাল ৯টা থেকে

মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
এম.বি.বি.এস, বি,সি,এস (স্বাস্থ্য) , এম.ডি (ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-থিসিস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর। রোগী দেখার সময়: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ হতে বিকাল ৫:৩০ পর্যন্ত।

গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ শাহারিয়া শায়লা
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (গাইনী এন্ড অবস্) এফপি এমসিপিএস (গাইনী এন্ড অবস্), ডিজিও-ফাইনাল, সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী), কনসালটেন্ট (প্রসূতি ও স্ত্রী রোগ), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর। রোগী দেখার সময় ঃ প্রতি সোম ও মঙ্গলবার দুপুর ৩ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। যোগাযোগ সাপেক্ষে

**রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১

ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিশিন ও গাইনী মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।

ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।

ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস( স্বাস্থ্য)
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।

ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭ টা

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল : ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এস, বি. সি. এস (স্বাস্থ্য), সি. এম. ইউ (আল্ট্রাসনো) ব্যাত ব্যথা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা পর্যন্ত



**বিসমিল্লাহ্ ফামেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

**করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
সততা সুপার মার্কেট বা ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর।
অগ্রীম সিরিয়ালের জন্য যোগাযোগ : ০১৭৩৮-১৩১৮১৩

নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা ও পরামর্শ দিচ্ছেন
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রুগী দেখার সময় প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

মহিলাদের সকল প্রকার বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ রুগী দেখার সময় প্রতি সোমবার দুপুর ২:৩০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে



কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

**নিউ স্কয়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর ঃ ০১৮৫৮-৯৫৬৯৩৩

মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস, গ্যাস্টলিভার, ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), এফসিপিএস পার্ট-১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম),
প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত রুগী দেখেন।

মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ, বাত ব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ (আল্ট্রা)
প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা,
বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখে।

স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক
ডাঃ তাসমেরী নাহার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।

নিঃসন্তান, বন্ধ্যাত্ব, গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের সকল চিকিৎসা প্রদান করেন
ডা: সেজুঁতি মেহেতাজ
এমবিবিএস (রাজশাহী), বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩টা হইতে রাত্রী ৮টা পর্যন্ত রুগী দেখেন।

মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।

**জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি’র সামনে, মেহেরপুর
যোগাযোগঃ সিরিয়াল : ০১৩২৮-৯৮৬১১১,
পরিচালক ঃ ০১৭৯৫-৯০৯৫৮৫, ০১৭১১-০৫১১১৪

নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
ডাঃ ফারহানা ফেরদৌসী
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য) এমডি (নিওনেটোলজি) বিএসএমএমইউ সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।

রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
এম.বি.বি.এস (এস.এস.এম.সি),বিসিএস (স্বাস্থ্য) এম.এস (কার্ডিওভাসকুলার এন্ড থোরাসিক সার্জারী) এফ.সি.পি.এস (এফপি)-জেনারেল সার্জারী জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (শুক্রবার বাদে)।

স্ত্রী, পসূতি ও বন্ধ্যত্ব রোগ চিকিৎসক সার্জন
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
এমবিবিএস, এসএসএমসি, বিসিএস(স্বাস্থ্য), সিএমইউ( আল্ট্রাসনোগ্রাফি), এফসিপিএস ( শেষ পর্ব) স্ত্রী রোগ ও প্রসূতিবিদ্যা বিভাগ, ২৫০ শয্যা বিশিষ্ট্য জেনারেল হাসপাতাল ,মেহেরপুর, এক্স সহকারি রেজিস্টার, কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।

চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) এ ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও এলার্জি রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেহ হাসপাতাল, সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, রোববার, ২৯ জুন ২০২৫ ইং

## ব্রিজ না, দুর্ভোগের স্থায়ী রূপ!

সড়ক অবকাঠামো উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সরকারের অন্যতম অঙ্গীকার হলেও বাস্তব চিত্র অনেক সময়েই হতাশাজনক। মেহেরপুরের গাংনী উপজেলার সেউটিয়া খালের উপর যুগিন্দা-কুচুইখালী সড়কে নির্মাণাধীন ব্রিজের কাজ তিন বছরেরও বেশি সময় ধরে ঝুলে থাকা তারই একটি দৃষ্টান্ত। এই প্রকল্পে জড়িত ঠিকাদারি প্রতিষ্ঠান এবং তদারকি কর্তৃপক্ষ দু'পক্ষেরই অবহেলা ও দায়িত্বহীনতায় চরম ভোগান্তিতে পড়েছে অন্তত ১০ গ্রামের মানুষ।
২০২১-২২ অর্থবছরে বিশ্বব্যাংকের অর্থায়নে শুরু হওয়া এই ব্রিজটির নির্মাণকাজ ২০২৩ সালের মধ্যে শেষ হওয়ার কথা থাকলেও এখনো প্রায় ২০ শতাংশ কাজ অসমাপ্ত। যেটুকু হয়েছে, তাও স্থায়ী সুবিধা দিতে ব্যর্থ। জনগণ বাধ্য হয়ে পুরনো, ঝুঁকিপূর্ণ ভাঙা ব্রিজ ব্যবহার করছে যেখানে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা। কৃষিপণ্য পরিবহন, মুমূর্ষু রোগী নেওয়া কিংবা শিক্ষার্থীদের যাতায়াত সবই দুর্বিষহ হয়ে পড়েছে।
এখানে প্রশ্ন ওঠে: কেন ঠিকাদার প্রতিষ্ঠানকে যথাসময়ে কাজ সম্পন্ন করতে বাধ্য করা হলো না? কেন তদারকির দায়িত্বে থাকা এলজিইডি যথাযথ নজরদারি করতে ব্যর্থ হলো? কেবল ফাইলের নোটশিটে "তাগাদা দিয়েছি" লিখে দায়িত্ব শেষ করা যায় না। একটি প্রকল্পে সরকারি অর্থের অপচয় যেমন হয়, তেমনি হয় সাধারণ মানুষের প্রতি রাষ্ট্রের নৈতিক দায় অমান্য।
এই পরিস্থিতি সামান্য নয়। এটি একটি পরিকল্পিত ব্যর্থতা, যেটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জবাবদিহিহীনতা এবং তদারকির দুর্বলতার ফল। এই প্রকল্প শুধু ব্রিজ নয়ড়এটি যেন অব্যবস্থাপনা, অবহেলা এবং দায় এড়ানোর সংস্কৃতির এক স্থায়ী প্রতীক হয়ে দাঁড়িয়েছে।
আমরা আশা করি, দেরিতে হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। ঠিকাদারকে কঠোরভাবে জবাবদিহির আওতায় আনা হবে এবং দ্রুত নির্মাণকাজ সম্পন্ন করে মানুষের ভোগান্তি লাঘব করা হবে। একই সঙ্গে ভবিষ্যতের প্রকল্পগুলোতে নজরদারি ও প্রকল্প বাস্তবায়নে সময়ানুবর্তিতা নিশ্চিত করতে হবেনা হলে উন্নয়ন কাগজে থাকবে, বাস্তবে নয়।

## কেরু অ্যান্ড কোম্পানিতে দুর্নীতি ও

প্রতিটি বোতলের প্রকৃত মূল্য মাত্র ৭ টাকা। ফলে মাত্র একটি অনিয়মেই সরকার ক্ষতিগ্রস্ত হয়েছে প্রায় ২ কোটি ৮০ লাখ টাকা। এছাড়া অভিযোগ রয়েছে, কেরুর অধীনস্থ ১৩টি ওয়্যারহাউসের কর্মকর্তাদের কাছ থেকে ২০-৫০ লাখ টাকা করে ঘুষ দাবি করা হয়েছে। টাকা দিতে না পারায় অনেককে বদলি করা হয়েছে, আবার মোটা অঙ্কের বিনিময়ে ঘনিষ্ঠদের আনা হয়েছে সুবিধাজনক পদে। এসব ঘুষের যোগাযোগ ও লেনদেনের পেছনে রয়েছেন সদ্য অবসরপ্রাপ্ত চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান ড. লিপিকা ভদ্র। তাঁকে সম্প্রতি বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। এমডি রাব্বিক হাসান ও লিপিকা ভদ্র ডিএনসি (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর)-এর নিয়ম লঙ্ঘন করে 'কান্ট্রি স্পিরিট' নামে দেশি মদ বাজারজাত করেছেন বলে অভিযোগ উঠেছে। রয়েছে বোতলিং লাইসেন্স না থাকা সত্ত্বেও উৎপাদন ও বাজারজাতকরণ। এমনকি কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষা না করেই ৩০-৪০ ডিগ্রি আন্ডার প্রুফ মদ সরবরাহ করা হয়েছে। বিষয়টি নিয়ে প্রতিবেদন দিলে ডিএনসি'র দর্শনা ইনচার্জ ছানোয়ার হোসেন-কে গত ২৮ এপ্রিল বদলি করে দেওয়া হয়, যা পুরো ঘটনার ওপর আরও প্রশ্ন তুলেছে।
এ বিষয়ে সাংবাদিকদের কাছে বক্তব্য দিতে গিয়ে এমডি মীর রাব্বিক হাসান বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে তা সম্পূর্ণ মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত। এটি একটি স্বার্থান্বেষী মহলের ষড়যন্ত্র।
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান রশিদুল হাসান বলেন, অভিযোগ প্রমাণিত হলে তদন্ত সাপেক্ষে দায়ীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।
দেশের একমাত্র লাভজনক রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান কেরু অ্যান্ড কোং-এ অনিয়মের এই অভিযোগ শুধু একটি প্রতিষ্ঠান নয়, পুরো রাষ্ট্রীয় শিল্প ব্যবস্থাপনার ওপরই বড় প্রশ্ন তুলে দিয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, দ্রুত তদন্ত ও দায়ীদের জবাবদিহির আওতায় না আনলে কেরুর ভাবমূর্তি ও ভবিষ্যৎ কার্যকারিতা মারাত্মকভাবে হুমকির মুখে পড়বে।

## ধেয়ে আসছে শক্তিশালী বৃষ্টিবলয়

বিভাগেও; আর মাঝারিভাবে সক্রিয় থাকবে সিলেট বিভাগে।
এছাড়া রংপুর, বরিশাল, ঢাকা ও ময়মনসিংহ বিভাগে হালকা থেকে মাঝারিভাবে সক্রিয় থাকবে এটি।

## অনূর্ধ্ব১২ ক্রিকেট কার্নিভালে

এমকেএসপি 'এ' দল নির্ধারিত ৬ ওভারে কোনো উইকেট না হারিয়ে ৪৮ রান সংগ্রহ করে। দলের পক্ষে সর্বোচ্চ ১৩ রান করেন আপন। জবাবে ব্যাট করতে নেমে ইমরুল কায়েস ক্রিকেট একাডেমি ৪.৪ ওভারে ৩ উইকেট হারিয়ে লক্ষ্যে পৌঁছে যায়। দলের পক্ষে সর্বোচ্চ ১৪ রান আসে জনাবের ব্যাট থেকে। এমকেএসপি দলের পক্ষে নাফিজ একটি উইকেট শিকার করেন।
ক্রিকেট উন্মাদনায় মুখরিত হয় পুরো মাঠ এলাকা, শিশু খেলোয়াড়দের পারফরম্যান্সে উচ্ছ্বসিত ছিলেন দর্শক ও আয়োজকরা।

## এনবিআরে অচলাবস্থা, দৈনিক

অচলাবস্থায় দৈনিক আড়াই হাজার থেকে ২ হাজার ৬০০ কোটি টাকার দ্বিপাক্ষিক বাণিজ্য ক্ষতির মুখে পড়ছে। তুলনামূলক ছোট কারখানা বন্ধ হয়ে পড়ার শঙ্কায় আছে।

## বিদেশি অস্ত্র ও ককটেলসহ আটক

থানায় হস্তান্তর করা হয়।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, "আটক ব্যক্তির বিরুদ্ধে অস্ত্র ও বিস্ফোরক আইনে দুটি পৃথক মামলা দায়েরের প্রস্তুতি চলছিল। তবে স্থানীয়ভাবে বিষয়টি সমাধানের উদ্যোগ নেওয়া হয় এবং সেনাবাহিনীর সিদ্ধান্ত অনুযায়ী মুচলেকায় তাকে মুক্তি দেওয়া হয়।

## কালের কণ্ঠের মাল্টিমিডিয়া রিপোর্টার

সম্পাদক হাফিজ হাসান। রাব্বি আহমেদ দীর্ঘদিন ধরে স্থানীয় ও জাতীয় পর্যায়ে সাংবাদিকতা করে আসছেন। কালের কণ্ঠ-এ যোগদানের আগে তিনি নাগরিক টেলিভিশন, ঢাকা জার্নাল এবং বাংলাদেশ বেতার খুলনার মেহেরপুর সংবাদদাতা হিসেবে কাজ করেছেন। তাঁর সংবাদ সংগ্রহে গতি, বিশ্লেষণী দৃষ্টিভঙ্গি এবং স্থানীয় ইস্যুতে গভীর মনোযোগ তাকে মেহেরপুরের নির্ভরযোগ্য একজন সাংবাদিক হিসেবে প্রতিষ্ঠিত করেছে।
নিয়োগ প্রাপ্তির পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় রাব্বি আহমেদ বলেন, কালের কণ্ঠ-এর মতো প্রতিষ্ঠানে যুক্ত হওয়া নিঃসন্দেহে আমার জন্য গর্বের। মেহেরপুরবাসীর কথা তুলে ধরতে ও সমাজকল্যাণে দায়িত্বশীল সাংবাদিকতার অঙ্গীকারে কাজ করবো।
তার এই নিয়োগে মেহেরপুরের সাংবাদিক মহলে আনন্দ-উৎসাহের সৃষ্টি হয়েছে। সহকর্মী ও শুভানুধ্যায়ীরা তাকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন এবং আগামীর পথচলায় সফলতা কামনা করেছেন।
ইতিহাসের সবচেয়ে সুন্দর, অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচন উপহার দিতে বর্তমানে অন্তর্বর্তী সরকার বদ্ধ পরিকর।
আছে। এই শহরের উন্নয়নের সঙ্গে মোংলা বন্দরের ব্যবহার বাড়ানোর সম্পর্ক আছে। মোংলা বন্দরের উন্নয়নের জন্য সরকার বহুমুখী পরিকল্পনা গ্রহণ করেছে। মোংলা বন্দরের পাশে অর্থনৈতিক জোনে শিল্প কারখানা স্থাপনের জন্য আগ্রহ প্রকাশ করেছে চীন। এজন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) কাজ করছে।
বেসরকারি খাতে খুলনায় নতুন নতুন পাট শিল্প কারখানা স্থাপনে উদ্যোগী হলে সরকার তাদেরকে সহায়তা দেবে বলে জানান প্রেস সচিব। তিনি বলেন, সরকারি অনুদানে আর ইন্ডাস্ট্রি চালানো সম্ভব না। এখানে বেসরকারি উদ্যোগ নিতে হবে। অর সেজন্য বিডা, কমার্স মিনিস্ট্রি, এডুকেশন মিনিস্ট্রি, ফরেস্ট্রি ডিপার্টমেন্ট কাজ করছে। শিক্ষা শহর হিসেবেও বেড়ে ওঠার সুযোগ আছে খুলনার। অনেকগুলো সরকারি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে এখানে।
জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়ায় খুলনা শহরে অনেক ক্লাইমেট রিফিউজি আসছেন জানিয়ে প্রেস সচিব বলেন, তাদের জন্য সরকারের পরিকল্পনা রয়েছে। তারা যাতে নিরাপদ আবাসন পায় সে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শ্যামনগর গাবুয়ায় এলজিইডির উদ্যোগে নিরাপদ পানি প্রকল্প নেওয়া হয়েছিল। এখন সেটা সমস্ত উপকূল এলাকায় ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। সরকারের নানা উদ্যোগ এখন দৃশ্যমান না হলেও এক সময় তা দেখা যাবে এবং আগামী এক দশকে খুলনা ঘুরে দাঁড়াবে বলে আশা প্রকাশ করেন তিনি।
খুলনার বন্ধ হওয়া জুট মিলগুলোয় যেসব স্কুল আছে, সবগুলোকে সরকারিকরণ করা হবে বলেও জানান তিনি।
এ সময় প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব মোহাম্মদ আবুল কালাম আজাদ মজুমদার ও সিনিয়র সহকারী প্রেস সচিব ফয়েজ আহমেদ উপস্থিত ছিলেন।

## করোনায় আরও দুই মৃত্যু, শনাক্ত ৭

লাখ ৫২ হাজার ৮০ জন। গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া দুই জনের একজন পুরুষ এবং একজন নারী। মৃতদের মধ্যে একজনের বয়স ৩১ থেকে ৪০ বছরের মধ্যে এবং অপরজনের বয়স ৭১ থেকে ৮০ বছরের মধ্যে।

মাহমুদা রিনি

# উত্তম হওয়ার জন্য অন্তরে আলো প্রয়োজন



ছোটো বেলায় পড়েছি "তুমি অধম বলিয়া আমি উত্তম হইব না কেন!" অথচ বর্তমান বাস্তবতা হলো তুমি অধম হইলে আমাকে অধিকতর অধম হইতে হইবে।
উত্তম হওয়ার জন্য অন্তরে আলো প্রয়োজন। যা কর্মে কথায় বা শব্দে প্রকাশ পায়। মননে আঁধার বা ঝাপসা আলোয় শব্দের প্রতিফলন পরিষ্কার হয় না। তবু কথা বলা থেমে নেই, আমরা কথা বলছি, বলেই চলেছিড় শুধু মনন থেকে আলোর প্রতিফলন হচ্ছে না।
চাওয়ার সাথে পাওয়ার দ্বন্দ্ব চিরকালের। আমরা যখন যেটা চাই তা প্রাণপণে চাই, এবং মনে করি সেটা পেলেই লক্ষ্যের শীর্ষে পৌঁছে যাব। কিন্তু পাওয়ার পর মনে হয় যেটা চেয়েছি এ ঠিক সেটা নয়! এমন ঘটনা বার বার ঘটে আমাদের সাথে। এবারও তেমনই ঘটেছে। কোটা সংস্কারের দাবি থেকে চাওয়া গড়িয়েছে সরকার পতনের আন্দোলনে। মানুষ মুক্তি চেয়েছে দুর্নীতি থেকে, দুঃশাসন থেকে। স্বৈরাচার মুক্ত দেশ চেয়েছে। ভোটের অধিকার ও জানমালের নিরাপত্তা চেয়েছে। নিরাপদ সড়ক চেয়েছে। সুস্থ ও গ্রহণযোগ্য স্বাস্থ্যসেবা চেয়েছে। শিক্ষিত, সুস্থ সমাজ, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ক্ষমতার নাগালে থাকুক আর প্রত্যেক অভিভাবক চেয়েছে সন্তানের জন্য লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ ও নিরাপদ ভবিষ্যৎ। সর্বোপরি মানুষ স্বাভাবিক মৃত্যুর নিশ্চয়তা চেয়েছে। সাধারণ মানুষের শুধু গায়েখাটা উপার্জনে দুমুঠো খেয়ে পরে সন্তান সন্ততি নিয়ে একটু স্বস্তিতে ঘুমানোর নিশ্চয়তাটুকুই ছিল চাওয়া। এই চাওয়ার সাথে পাওয়ার ব্যত্যয় হলেই মানুষ অস্থির হয়ে ওঠে, পরিবর্তন চায়। এটা গণতান্ত্রিক দেশ, গণমানুষের ইচ্ছার বা মৌলিক চাহিদার প্রতিফলন দেখতে চায়, যারা ক্ষমতার ধারক বাহক তাদের কর্মে, কথায়, চরিত্রে। কিন্তু কী হলো? যে উদ্যম, উচ্চাশা নিয়ে দেশের মানুষ পরিবর্তন চেয়েছে, সেই চাওয়ার সাথে এই পরিবর্তনের সামঞ্জস্য কতখানি? পরিবর্তন আনতে যারা নেতৃত্ব দিয়েছেন তারা কী কী পরিবর্তন করতে চেয়েছেন তা কী দেশের জনগণ ওয়াকিবহাল ছিল? জনগণ জানতে চাওয়ার প্রয়োজন মনে করেনি কারণ তারা বিশ্বাস করেছিল। এই আন্দোলনের মাধ্যমে পরিবর্তন আসবে ভেবে জনগণ সুস্থ আন্দোলনের ধারাকে সমর্থন করেছিল, এখনো করে। তারা যে কোনো হত্যাকা-ের তীব্র বিরোধিতা করেছে, প্রতিবাদ করেছে এবং দুর্নীতিগ্রস্থ সরকারকে ক্ষমতা থেকে সরাতে সমর্থন করেছে। তাদের স্বপ্ন ছিল দেশে আইনের শাসন প্রতিস্থাপন হবে। বিচার তার নিজস্ব গতিতে চলবে, অপরাধী সে যত বড়ো হোক তার কৃতকর্মের সাজা পাবে বিচারিক প্রক্রিয়ায়। যতদূর বুঝেছি তাদেরকে ইতিহাস মুছে ফেলা বা পরিবর্তন করার দায়িত্ব জনগণ দেয়নি। নারী ও শিশুর প্রতি সহিংসতার বিশ্বরেকর্ড অর্জনের দায়িত্বও জনগণ দেয়নি। অন্যায়ের শূন্যস্থান অন্যায় দিয়ে পূরণ করার অভিপ্রায় টিকসই করার অনুমোদন জনগণ দেয়নি।
এই কথাগুলো সবই সাধারণ মানুষের কথা। খেটে খাওয়া নিম্নবিত্ত, মধ্যবিত্ত মানুষের, যারা রাজনীতির কূটকৌশল বোঝে না। যাদের চাহিদা খুব সামান্য। নিরাপদ জীবন আর সন্তানের নিশ্চিত ভবিষ্যৎ মোটা দাগে এটুকুই তাদের প্রত্যাশা। অথচ তারাই বর্তমানে আতংকিত এবং বিভ্রান্ত সবচেয়ে বেশি। নারীর অবস্থা আরও শোচনীয়। দুধের শিশু থেকে বৃদ্ধা কেউই নিরাপদ নয়। ধর্ষণের সর্বকালের রেকর্ড ভঙ্গ করে স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। তরুণ সমাজের একটা বৃহত্তর অংশ যথেষ্ট বিভ্রান্ত এবং মনে হয় সম্পূর্ণ নিয়ন্ত্রণের বাইরে এক অদৃশ্য চালিকাশক্তির ইশারায় উন্মাদনায় মত্ত। তারা হুজুগ এবং সিদ্ধান্তে দোদুল্যমান।
প্রকৃত ছাত্রদের কিছু বলা আমার উদ্দেশ্য নয়, তারা নিশ্চয় নিজেদের ভবিষ্যৎ বুঝে নেবে। কিন্তু যারা বিভিন্ন নামের বা দলের লেজুড়বৃত্তিক হয়ে উচ্ছৃঙ্খলায় মত্ত, যাদের পরিবার খুব সাধারণ, তাদের জীবন ধ্বংস হওয়ার পথে। এরা কখনো ছাত্র নামে, কখনো উচ্ছৃঙ্খল জনতা সেজে বিভিন্ন অপকর্মে জড়িত হচ্ছে। নিজেদের সময়, পরিবারের শান্তির সাথে ভবিষ্যৎটাও নষ্ট করছে। এই বিশৃঙ্খল তরুণ, যুবসমাজকে সঠিক দিকনির্দেশনায় মানবিক মূল্যবোধে ফিরিয়ে না আনতে পারলে আগামী পঞ্চাশ বছরও জাতির জন্য সুখকর হবে না। কারণ এই তরুণরাই আগামীতে নেতৃত্বে আসবে।
ভবিষ্যতের দায়িত্ব নিতে হলে ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতিকে সংরক্ষণ এবং বর্তমানকে ইতিহাসের জন্য গ্রহণযোগ্য করে তোলার দায়িত্ব মাথায় রাখতে হবে। তরুণ সমাজ দেশের ভবিষ্যৎ। লেখাপড়া শিখে সঠিক জ্ঞানার্জনের মাধ্যমেই সুনাগরিক ও দেশের সম্পদ হয়ে ওঠা তাদের কাজ। ছাত্রদের মূলধারা লেখাপড়ায় মনোযোগী তৈরি করার দায়িত্ব শিক্ষক, অভিভাবক এবং সরকারের প্রথমত কর্তব্য। তাদের ঘাড়ে বন্দুক রেখে রাজনীতির মাঠ উত্তপ্ত করতে চাইলে আমাদের অবস্থা লেখাপড়া ছাড়া ডাক্তারের হাতে চিকিৎসার মতো নেতৃত্ব সংকটে পড়তে হবে।
তাদের ভিত্তিহীন উচ্চাভিলাষী স্বপ্নকে সুস্থ ধারায় ফিরিয়ে আনতে প্রত্যেককে সচেষ্ট হওয়া দরকার। মনে রাখা উচিত এই দেশটা আমাদের। এখানেই আমাদের এবং ভবিষ্যৎ প্রজন্মকে বসবাস করতে হবে। তাই কোনো হুজুগে মেতে নিজের মাতৃভূমিকে অস্থিতিশীল করলে আমাদেরই তার ফল ভোগ করতে হবে। বাংলাদেশ স্বমহিমায় মাথা উঁচু করে বাঁচুক... শুভকামনা সবসময়।
(লেখক: কবি, প্রাবন্ধিক, নারী নেত্রী)

## মেহেরপুরের গড় পুকুর: ঐতিহ্যের

মার্চ জমকালো উদ্বোধন করা হয়। কিন্তু ঠিকাদারি প্রতিষ্ঠান কাজ শুরু না করায়, ২০২২ সালের অক্টোবরে কাজ হস্তান্তর করা হয় অন্য ঠিকাদারি প্রতিষ্ঠান গোলাম সরোয়ার ও তানভির আহমদকে। কাজের ধীরগতি ও নিম্নমানের কারণে কয়েকবার সময় বাড়ানো হলেও প্রকল্প শেষ করা যায়নি। ফলস্বরূপ, প্রায় ৬ কোটি টাকা অর্থ ফেরত গিয়েছে এবং গড় পুকুর অবহেলার শিকার হয়েছে।
গড় পুকুর পাড়ের ব্যবসায়ী মিঠু বলেন, "গড় পুকুরের জন্য ১৪ কোটি টাকার প্রকল্প নেওয়া হয়েছিল, কিন্তু কাজের কিছুই হয়নি। যা হয়েছে তাও ধ্বংসপ্রাপ্ত হয়ে বিলীন হওয়ার পথে। ময়লা মাটি ও আবর্জনায় পুকুর ভর্তি হয়ে যাচ্ছে। আমরা এর দ্রুত সমাধান চাই।"
পুকুরপাড়ের বাসিন্দা শ্যামা বলেন, "এক সময় গড় পুকুরে মানুষ সাতার কাটত, পাড়ি দিতে কেউ ভয় পেত না। কিন্তু এখন এটি মাছের অ্যাকুরিয়ামের মতো হয়ে গেছে। চারপাশে ওয়াকওয়ে, বিশ্রামাগার, কফিশপ, কনসার্ট গ্যালারি এবং শিশুদের খেলাধুলার ব্যবস্থা হওয়ার কথা ছিল। কিন্তু কিছুই হয়নি। সৌন্দর্য বৃদ্ধির নামে অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে গড় পুকুরের অবস্থা মারাত্মক খারাপ হয়েছে। বাঁধের জন্য ব্লক ব্যবহার করার কথা থাকলেও ঠিকাদার ঢালাই করে বাঁধ তৈরি করেছে, যার ফলে ফাটল ধরে বসেছে এবং যে কোনো সময় ভেঙে পড়ার আশঙ্কা রয়েছে।"
ইতিহাস রচয়িতা এবং মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু বলেন, "নবাবি আমলের রাজা গোয়ালা চৌধুরী মেহেরপুরে একটি ভবন নির্মাণ করেছিলেন, যার নিচতলার কক্ষকে আঞ্চলিক ভাষায় গড় বলা হয়। এটি আমাদের ঐতিহ্য। বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান ও পৌরসভা গড় পুকুরের উন্নয়নে উদ্যোগ নিয়েছে, কিন্তু ঐতিহ্যবাহী এই পুকুরের প্রকৃত ও অকৃত্রিম রূপ সংরক্ষণে যথাযথ পদক্ষেপ নেওয়া হয়নি।"মেহেরপুর পৌরসভার প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল জানান, "গড় পুকুরের প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন না হওয়ার কারণে প্রকল্প বন্ধ হয়ে যায়। টাকা ফেরত দেওয়া হয়েছে, তাই কাজ সম্পূর্ণ করা সম্ভব হয়নি। ভবিষ্যতে আবার অর্থায়ন হলে কাজ সম্পন্ন করা হবে। শহরে বিনোদনের অভাবের কারণে মানুষ এখানেই আসে।" মেহেরপুর পৌর প্রশাসক মো: তরিকুল ইসলাম বলেন, "এ বিষয়ে আমার সঠিক জানা নেই। বিষয়টি খুঁজে দেখে বিস্তারিত জানানো হবে।"

## ভারতের চ্যাম্পিয়নকে হারিয়ে মুয়ে

মনজুর আলম আমাদের জাতীয় গর্ব। তাঁর এই সাফল্য প্রমাণ করে, বাংলাদেশ আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে কিকবক্সিং বা মুয়ে থাইয়ে পিছিয়ে নেই। মনজুর আলমের সাফল্যে অনুপ্রাণিত হয়ে নতুন প্রজন্মও এগিয়ে আসবে এমনটাই প্রত্যাশা করছে দেশের ক্রীড়া মহল।

## ইবির বাসচাপায় পুলিশ কনস্টেবল

তাঁদের বিয়ে হয়। হাফিজুরের আগের সংসারে একটি কন্যা সন্তান রয়েছে।
ঘটনার পরপরই বাসটি জব্দ করে থানায় নেওয়া হয়েছে বলে জানিয়েছেন চৌড়হাস হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আল মামুন। তিনি আরও বলেন, বাসের চালক ও সহকারী পলাতক রয়েছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি চলছে।

## ইরান পারমাণবিক অস্ত্র অর্জনের চেষ্টা

মৃত্যু থেকে বাঁচিয়ে দিয়েছি। আমি জানতাম সে কোথায় লুকিয়ে ছিল, কিন্তু তাকে হত্যা করতে দেইনি।"ট্রাম্প আরও বলেন, "ইরান ধ্বংস হয়ে গেছে। তাদের তিনটি পারমাণবিক কেন্দ্র গুঁড়িয়ে দেওয়া হয়েছে। অথচ খামেনি এখন এসে বলছে তারা জয়ী হয়েছে! এটা হাস্যকর।
এর আগে খামেনি জানান, ফরদো, ইস্পাহান ও নাতাঞ্জের পারমাণবিক স্থাপনাগুলোর ওপর যুক্তরাষ্ট্র হামলা চালানোর পর ইরান কাতারে একটি মার্কিন ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র ছুড়ে পাল্টা জবাব দিয়েছে। তার ভাষায়, ইরান 'আমেরিকার মুখে চড় মেরেছে'।

## সুযোগ পেলে বিজয় ভালো করবেন: শান্ত

হাজারের বেশি ফার্স্ট ক্লাস রান আছে, ২৪টা সেঞ্চুরি, ৪৯টা ফিফটি আছে। এত অভিজ্ঞ একজন ব্যাটারকে দলে না নেওয়ার কোনো কারণ ছিল না। আমরা তো এমন একজন ওপেনার খুঁজছিলাম যার ঘরোয়া পারফরম্যান্স আছে, অভিজ্ঞতা আছে।"
তিনি আরও বলেন, "আমাদের ওপেনাররা গত কয়েক বছর ধরে নিয়মিত স্ট্রাগল করছে। জয় কিংবা জাকির মাঝে মাঝে ভালো করেছে, কিন্তু ধারাবাহিকতা রাখতে পারেনি। তাই এমন একজন ব্যাটারের প্রয়োজন ছিল, যিনি চাপ সামলাতে জানেন।"
বিজয়ের পারফরম্যান্স নিয়ে হতাশা থাকলেও ভবিষ্যৎ নিয়ে আশাবাদী শান্ত। বলেন, "দুর্ভাগ্যবশত বিজয় ভাই ভালো করতে পারেনি, এটা অবশ্যই হতাশাজনক। তবে আমি বিশ্বাস করি, সামনে যদি সুযোগ আসে, সে ভালো কিছু করবে। শুধু তার ওপর দোষ দেওয়া ঠিক না, আমরা দল হিসেবেও ভালো খেলিনি এই ম্যাচে।"

## ভুয়া সনদে ১১ বছর ধরে গ্রাম পুলিশ

সাহস পাননি বলেও এলাকাবাসীর অভিযোগ। সরকার পরিবর্তনের পর গোভিপুর গ্রামের শিব দাস নামের একজন ব্যক্তি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ জমা দেন। অভিযোগের ভিত্তিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা তদন্ত করে ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।
বুড়িপোতা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেন বলেন, রিপন কুমার কুলবাড়িয়া স্কুলের সনদে চাকরি নিয়েছে। কিন্তু বর্তমান প্রধান শিক্ষক জানাচ্ছেন, সে কখনও ওই স্কুলে পড়েনি। আমরা শিগগিরই বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ডেকে বিস্তারিত জানবো।
ইউনিয়ন সচিব সানোয়ার হোসেন বলেন, উপজেলা প্রশাসন থেকে তদন্ত চিঠি এসেছে। তবে অভিযোগকারী শিব দাসকে এখনো খুঁজে পাওয়া যাচ্ছে না।
অভিযুক্ত রিপন কুমার দাস বলেন, আমি কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে অষ্টম শ্রেণি পাস করেছি। তবে কবে পড়েছি তা চেয়ারম্যান ভালো জানেন। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে কথা বলেন।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম বলেন, স্থানীয় প্রশাসনের তদন্ত শেষে এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

## মেহেরপুর সমবায় ব্যাংকের সভাপতি

ভোট এবং একটি ভোট বাতিল হয়। এছাড়া সহ-সভাপতি পদে আবু তালেব, সদস্য পদে মোহাম্মদ শহীদুল্লাহ ও এস এম ফয়েজ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।
নির্বাচন শেষে মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি মাহবুবুল হক আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন।

## পদ্মশ্রীপ্রাপ্ত কার্তিক মহারাজের বিরুদ্ধে

মহারাজের সঙ্গে তাঁর পরিচয় হয়। তখন তাকে 'চানাক আদিবাসী আবাসিক বালিকা বিদ্যালয়'-এ চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দেন তিনি। ২০১৩ সালের জানুয়ারিতে তাঁকে স্কুলের হোস্টেলে থাকতে দেওয়া হয়। ওই নারীর অভিযোগ, 'প্রায় প্রতিদিনই কার্তিক আমাকে স্কুল ভবনের পাঁচতলায় নিয়ে ধর্ষণ করতেন। একবার তাঁকে পাঁচ দিনের জন্য আশ্রমে থাকতে বলেন কার্তিক মহারাজ। সেখানেও বহুবার ধর্ষণ করেন। পরে তাঁকে বাড়ি ফিরে যেতে বলেন এবং প্রতি মাসে টাকা পাঠানোর আশ্বাস দেন। ২০১৩ সালে তিনি অন্তঃসত্ত্বা হয়ে পড়লে কার্তিক ও স্কুলের কয়েকজন কর্মী তাঁকে বহরমপুরের একটি বেসরকারি নার্সিংহোমে গর্ভপাত করাতে নিয়ে যান। তিনি রাজি না হলে হুমকি দেওয়া হয়। দুই কর্মীর উপস্থিতিতে এক চিকিৎসকের সঙ্গে কথা বলে তাঁকে জোর করে গর্ভপাত করানো হয়।
ওই নারীর দাবি, এরপরও তিনি চাকরির অপেক্ষা করতে থাকেন। কিন্তু বারবার যৌন নির্যাতনের শিকার হন।কার্তিক আমাকে মুর্শিদাবাদের নানা আশ্রমে নিয়ে যান। সেখানেও আমি ধর্ষণের শিকার হই। আমি শুধু চাকরির আশায় চুপ ছিলাম। ধীরে ধীরে মানসিকভাবে ভেঙে পড়ি। ১২ জুন তিনি মহারাজের সঙ্গে যোগাযোগ করেন। তিনি তাঁকে ১৩ জুন সন্ধ্যা ৭টায় বহরমপুরের একটি নির্দিষ্ট স্থানে অপেক্ষা করতে বলেন। তখন দুজন লোক এসে তাঁকে গাড়িতে তোলে এবং কার্তিকের সঙ্গে আর যোগাযোগ না করতে হুমকি দেয়। এরপর তাঁর সঙ্গে দুর্ব্যবহার করে গাড়ি থেকে ফেলে দেয়।এ ঘটনার কঠোর বিচার দাবি করেছেন ওই নারী।
অন্যদিকে, এই অভিযোগকে গুরুত্ব দিতে অস্বীকার করেছেন কার্তিক মহারাজ। তাঁর বক্তব্য, আমি একজন সন্ন্যাসী, সমাজসেবায় নিয়োজিত। এই অভিযোগ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত।

## আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে

থেকে নির্মাণ কাজের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম।
উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ মোনাজাতের মাধ্যমে কাজের শুভ সূচনা করা হয়। এতে আরও উপস্থিত ছিলেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী, আরিফ হোসেন, আব্দুল্লাহসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।
বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, আধুনিক এই বাস্কেটবল কোর্ট শিক্ষার্থীদের খেলাধুলার প্রতি আগ্রহ বাড়াবে এবং তাদের মধ্যে ক্রীড়া ও শৃঙ্খলার মানসিকতা গড়ে তুলবে। শিক্ষা ও খেলাধুলার সমন্বয়ের মাধ্যমে ছাত্রছাত্রীদের শারীরিক ও মানসিক বিকাশে এ ধরনের অবকাঠামো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।
এ প্রকল্পের মাধ্যমে আমঝুপি অঞ্চলে ক্রীড়া সংস্কৃতির আরও বিকাশ ঘটবে বলেও অভিমত দেন স্থানীয়রা।

## আমঝুপিতে শিক্ষা, ক্রীড়া ও কৃষি

উপকরণ বিতরণ করা হয়েছে। শনিবার সকালে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। তিনি অনুষ্ঠানে উপস্থিত থেকে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৩টি আলমারি, ৪টি ফাইল কেবিনেট, ৪টি চেয়ার, খেলাধুলার জন্য ৪টি ক্রিকেট সেট, ৩০টি ফুটবল, ১১টি ভলিবল, ফার্স্ট এইড বক্স এবং মাধ্যমিক বিদ্যালয়সমূহে ছাত্রীদের জন্য স্যানিটারি ন্যাপকিন বিতরণ করেন।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী এবং আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থী তাসনোভা।
এছাড়াও উপস্থিত ছিলেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, ইউপি সদস্য হাফিজুর রহমান, আরিফ হোসেন, আব্দুল মজিদ, মকবুল হোসেন, আসাদুল হক পিন্টু, আব্দুল্লাহ, সালমা খাতুন, মেরিনা খাতুন, ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মৌসুমী খাতুন এবং হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর আসিফ ইকবাল।
অনুষ্ঠানটি স্থানীয়দের মধ্যে প্রশংসিত হয়েছে। তারা বলেন, এ ধরনের উপকরণ বিতরণ কার্যক্রম শিক্ষার প্রসার, ক্রীড়া উন্নয়ন এবং কৃষি উৎপাদনে সহায়ক হবে।

## গঙ্গা চুক্তির মেয়াদ শেষের পথে

নেই, তবে পরিবর্তনকে সামনে রেখেই দিল্লির এই কূটনৈতিক কৌশল। ১৯৯৬ সালে উভয় দেশের মধ্যে স্বাক্ষরিত ৩০ বছরের এই চুক্তির মূল লক্ষ্য ছিল শুষ্ক মৌসুমে (১ জানুয়ারি থেকে ৩১ মে) ফারাক্কা বাঁধে পানি বণ্টনের একটি সুনির্দিষ্ট কাঠামো নির্ধারণ করা। চুক্তি অনুযায়ী মার্চ থেকে মে মাস পর্যন্ত উভয় দেশ ১০ দিন অন্তর ৩৫ হাজার কিউসেক করে পানি পেয়ে থাকে। তবে বর্তমানে ভারত এই সময়কালে অতিরিক্ত ৩০-৩৫ হাজার কিউসেক পানির দাবি তুলেছে। তাদের মতে, কৃষি, শিল্প, বিদ্যুৎ উৎপাদন ও নদী পথ রক্ষণাবেক্ষণে পানির চাহিদা বহুগুণে বেড়েছে।
এই দাবিকে সমর্থন করেছে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারও। তারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে একমত হয়ে জানিয়েছে, গঙ্গার বর্তমান পানি বণ্টন ব্যবস্থা তাদের চাহিদা পূরণে অক্ষম। অন্যদিকে, বাংলাদেশে এ নিয়ে গভীর উদ্বেগ দেখা দিয়েছে। কারণ শুষ্ক মৌসুমে ফারাক্কা থেকে পর্যাপ্ত পানি না পেলে পদ্মা নদীর প্রবাহ কমে যায়। এর ফলে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কৃষি উৎপাদন ব্যাহত হয়, পরিবেশ ও জীববৈচিত্র্য হুমকির মুখে পড়ে।
বিশেষজ্ঞরা মনে করছেন, ভারতের একতরফা স্বার্থে ভিত্তিক কোনও নতুন চুক্তি হলে তা শুধু দুই দেশের সম্পর্কের জন্যই নয়, গোটা দক্ষিণ এশিয়ার পানি ব্যবস্থাপনাতেই নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

## অ্যাডভোকেট কামরুল হাসান

তিনি জানান, আমরা শুধু একটি কমিটি গঠন করিনি, বরং আগামী জাতীয় নির্বাচনের প্রস্তুতি হিসেবেই এ কমিটিকে কাজে লাগাচ্ছি। যদি সময়মতো নির্বাচন না হয়, তাহলে বৃহৎ পরিসরে আন্দোলনে যাব।
তিনি বলেন, আমাদের মূল লক্ষ্য হলো ২০২৩ সালের ১৩ জুলাই তারেক রহমান ঘোষিত ৩১ দফা বাস্তবায়ন করা। প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ১৯ দফার সঙ্গে মিল রেখেই এই দফাগুলো নির্ধারিত হয়েছে। এই দফাগুলো বাস্তবায়ন করতে পারলে বাংলাদেশ সত্যিকারের সোনার বাংলায় পরিণত হবে।

## জেলা জুড়ে পার্থেনিয়াম, জীববৈচিত্র্য

এমনকি ক্যান্সারও হতে পারে। মেহেরপুর সরকারি কলেজের উদ্ভিদবিদ্যা বিভাগের প্রধান ও পরিবেশবিদ গিয়াসউদ্দিন খান বলেন, "এই আগাছা শুধু মানুষের জন্য নয়, ফসলের জন্যও ক্ষতিকর। টমেটো, বেগুন ও মরিচের মতো সবজি উৎপাদন ব্যাহত হয়, এমনকি মাটির নাইট্রোজেন আবদ্ধকরণ প্রক্রিয়াও ক্ষতিগ্রস্ত হয়।" জেলার অনেক কৃষকই এখনো এই আগাছার নাম ও ক্ষতিকর দিক সম্পর্কে জানেন না। মদনা ডাঙ্গা গ্রামের কৃষক কবির উদ্দিন বলেন, "পার্থেনিয়ামের নাম কখনো শুনিনি।" রাধাকান্তপুরের কৃষক কালম শেখ জানান, "কয়েক বছর আগেও এই আগাছা দেখিনি, এখন প্রতিটি সড়কের দুই পাশে এটি ছড়িয়ে পড়েছে।"
গাংনীর সাহারবাটি গ্রামের আলি আহাম্মদ বলেন, "আমাদের মসজিদের পাশের জমিতে এই আগাছা ছড়িয়ে পড়েছে। কাটার পরে শরীরে চুলকানি ও ফোলা দেখা দিয়েছিল।" জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বলছে, "এই আগাছা নিয়ন্ত্রণে কৃষকদের সচেতন করার কাজ চলছে। হেক্টরপ্রতি ১১.৫ কেজি হারে আগাছানাশক মেট্রিবিউজিন প্রয়োগ করলে আগাছাটি ধ্বংস হয়। এছাড়া ১৫% লবণ মিশ্রিত পানি ছিটিয়ে ও পরে আগাছাটি পুড়িয়ে দিলেও ভালো ফল পাওয়া যায়।"
পরিবেশবিদদের দাবি, পার্থেনিয়াম নিয়ন্ত্রণে দ্রুত কার্যকর পদক্ষেপ ও ব্যাপক সচেতনতামূলক কর্মসূচির দাবি জানিয়েছেন পরিবেশবিদরা। পাশাপাশি কৃষকদের প্রশিক্ষণ ও স্থানীয় প্রশাসনের সমন্বিত উদ্যোগ জরুরি বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

## গোভীপুর ভৈরব ক্লাব আয়োজিত

ছাত্রনেতা সাইফুল ইসলামের বিজয়ী খেলোয়াড়ের হাতে পুরস্কার তুলে দেন।

## আমঝুপিতে নির্মাণাধীন মিনি

করেন। তিনি বলেন, এই স্টেডিয়ামটি এলাকার খেলাধুলা ও ক্রীড়া চর্চায় নতুন দিগন্ত উন্মোচন করবে।
পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী, আরিফ হোসেন, আব্দুল্লাহসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিরা।
উল্লেখ্য, স্টেডিয়ামটি নির্মিত হলে স্থানীয় পর্যায়ে ক্রীড়াচর্চা ও প্রতিভা বিকাশে তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করছেন এলাকাবাসী।

## ঝিনাইদহে ৬৫ লাখ টাকার অবৈধ

অধিদপ্তরের সমন্বয়ে পরিচালিত অভিযানে অংশ নেন অধিদপ্তরের সহকারী পরিচালক নিশাত মেহের। নিরাপত্তায় ছিলেন পুলিশ ও বিজিবি সদস্যরা।
অভিযানে পৌর শহরের সাতটি দোকানে তল্লাশি চালিয়ে চারটি দোকান থেকে ৭৬০ কেজি অবৈধ চায়না দোয়াড়ি জাল ও ৯৯৫ কেজি কারেন্ট জাল জব্দ করা হয়, যার বাজারমূল্য প্রায় ৬৪ লাখ ৯৫ হাজার টাকা। অভিযানে সংশ্লিষ্ট দোকানগুলোকে মোট ৪৪ হাজার টাকা জরিমানা করা হয়।
পরবর্তীতে জব্দ করা জালগুলো কালীগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে নিয়ে গিয়ে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়।
এ বিষয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট তানভীর ইসলাম সাগর বলেন, "গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ পরিবেশ ও জলজ প্রাণীর জন্য ক্ষতিকর অবৈধ জাল উদ্ধার করা হয়েছে। এ ধরনের জালের বিরুদ্ধে অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।"

## প্রবীণ সাংবাদিক সিরাজুল হক আর

জানানো হয়।
সিরাজুল হক ১৯৪৭ সালে বরিশাল জেলার 'আবদা বিশর' গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ১৯৭০ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সঙ্গে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতক (সম্মান)-সহ এম.এ. ডিগ্রি লাভ করেন।
১৯৬৫ সালের সাপ্তাহিক ইয়াং পাকিস্তান পত্রিকার মাধ্যমে সাংবাদিকতা শুরু করেন। দৈনিক আজাদ ও দৈনিক জনপদসহ বিভিন্ন পত্রিকার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে। পরবর্তীতে দৈনিক জনপদের ভারপ্রাপ্ত সম্পাদক হন।
আজ বাদ আসর মরহুমের জানাজা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে অনুষ্ঠিত হবে। জানাজা শেষে আজিমপুর কবরস্থানে তাঁকে দাফন করা হবে। জাতীয় প্রেসক্লাব সভাপতি হাসান হাফিজ ও সাধারণ সম্পাদক আইয়ুব ভূঁইয়া সিরাজুল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক বিবৃতিতে নেতারা মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোকাহত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

## পাকিস্তানে আত্মঘাতী বোমা হামলায়

ঘটনাস্থলের নিকটবর্তী দুটি বাড়ির ছাদ উড়ে গেছে এবং এতে ৬ জন শিশু আহত হয়েছে বলেও জানিয়েছেন ওই কর্মকর্তা।
আহত দশজন সেনার মধ্যে চারজনের অবস্থা গুরুতর বলে জানা গেছে হাসপাতালসূত্রে। পাকিস্তানভিত্তিক তালেবানগোষ্ঠী তেহরিক-ই তালিবান পাকিস্তান (টিটিপি)-এর উপশাখা হাফিজ গুল বাহাদুর আর্মড গ্রুপ ইতোমধ্যে হামলার দায় স্বীকার করে বিবৃতি দিয়েছে।